

তারিখ 13 JUL 2008

পৃষ্ঠা - ২০

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় নকলও উন্মুক্ত!

নরসিংদী প্রতিনিধি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) অধীনে ২০০৭ সালের চলতি এসএসসি পরীক্ষায় নরসিংদীর তিনটি পরীক্ষা কেন্দ্রেই নকল চলছে অবোধে। দেশের প্রায় সব পরীক্ষায়ই নকলের প্রবণতা কমে এলেও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীন নরসিংদীর কোনো পরীক্ষা কেন্দ্রেই এখনো পর্যন্ত নকলের প্রবণতা কমেনি। বরং চলতি এসএসসি পরীক্ষায় নকলের প্রবণতা ও ছড়াছড়ি আরো বেড়েছে।

পরীক্ষার হস্তক্ষেপে শিক্ষকদের সামনেই পরীক্ষার্থীরা প্রকাশ্যে বই বুলে পরীক্ষা দিচ্ছে। এছাড়া অবোধেই চলছে নকলের ছড়াছড়ি। আর এতো নকলের ছড়াছড়িতেও এখনো পর্যন্ত নরসিংদী কোনো পরীক্ষা কেন্দ্রেই কোনো পরীক্ষার্থী বহিষ্কার হয়নি কিংবা নকল প্রতিরোধের কোনো ব্যবস্থাও নেয়া হয়নি। বরং পরীক্ষা কেন্দ্রগুলোর কর্তৃপক্ষ নকল করে

হলেও যেন পরীক্ষার্থীরা কোনো রকম পরীক্ষায় পাস করতে পারে সে ব্যাপারে আরো উৎসাহিত করছেন।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীন এসএসসি পরীক্ষা কেন্দ্র হলো- নরসিংদী পাইলট উচ্চ বিদ্যালয়, পলাশ উপজেলার ঘোড়াশাল পাইলট উচ্চ বিদ্যালয় এবং শিবপুর উপজেলার শিবপুর বালিকা উচ্চ বিদ্যালয়। এ তিনটি পরীক্ষা কেন্দ্রের সব কটিতেই কমবেশি চলছে নকলের মতোই সব। শুক্রবার সকাল সাড়ে ১০টায় ঘোড়াশাল পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে গিয়ে দেখা গেছে, ছয়টি হলের প্রতিটিতেই পরীক্ষার্থীরাই নকল করে পরীক্ষা দিচ্ছে। এ ব্যাপারে পরীক্ষা কেন্দ্রের সমন্বয়কারী বিনয় কৃষ্ণ আঢ্য জানান, দেখেন ভাই, আমি একা তো আর সবকিছু করতে পারি না। এছাড়া উন্মুক্তের অধীনে যারা পরীক্ষা দেয় তারা তো সাধারণত ঝরে পড়া ছেলেমেয়ে। তাদের ব্যাপারে একটু...